ইসরাইলি কারাগারে প্রথম ফিলিস্তিনি বন্দির মৃত্যু

ইসরাইলি কারাগারে যাওয়া প্রথম ফিলিস্তিনি বন্দি মাহমুদ বাকির হিজাজি সোমবার মারা গেছেন। তার বয়স হয়েছিল ৮৫ বছর।

তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে যৌথ বিবৃতি দিয়েছে ফিলিস্তিনি প্রিজনার্স অ্যাফেয়ার্স ও ফিলিস্তিনি প্রিজনার্স সোসাইটি। বার্তা সংস্থা আনাদুলু এমন খবর দিয়েছে।

বিবৃতিতে বলা হয়, হিজাজি ছিলেন আত্মত্যাগের প্রতীক। পরবর্তী প্রজন্মের জন্য জাতীয় ঐতিহ্য ও গুরুত্বপূর্ণ লড়াই রেখে গেছেন তিনি।

তার মৃত্যুতে শোক জানিয়ে বাণী দিয়েছেন ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস।

মঙ্গলবার সামরিক মর্যাদায় হিজাজিকে দাফন করার কথা রয়েছে। ১৯৩৬ সালে জেরুজালেমে জন্মগ্রহণ করেছেন তিনি।

১৯৬৫ সালের জানুয়ারিতে বাইত জিবরিন শহরে এক অভিযানে ইসরাইলি বাহিনীর হাতে তিনি আটক হন।

পরবর্তীতে তাকে মৃত্যুদণ্ডের সাজা দেওয়া হলেও আন্তর্জাতিক সম্প্রদায়ের বাধার মুখে তা কার্যকর করা হয়নি।

ইসরাইল-ভারত যৌথভাবে তৈরি করেছে করোনার ক্যাপসুল!

টিকার পর এবার করোনার ক্যাপসুল বাজারে আসছে। ইসরাইল-ভারত যৌথভাবে ‘ওরাভ্যাক্স কোভিড-১৯’ নামে করোনার প্রতিষেধক এ ক্যাপসুল তৈরি করেছে।

ভারতের ‘প্রেমাস বায়োটেক’ ও ইসরাইলের ‘ওরামেড ফার্মাসিউটিক্যালস’ যৌথভাবে মুখে খাওয়ার ক্যাপসুলের মতো করোনা প্রতিষেধক তৈরি করেছে। খবর দ্য হিন্দুর।

গত ১৯ মার্চ দুই কোম্পানির পক্ষ থেকে এই ‘ওরাভ্যাক্স কোভিড-১৯’ টিকার কথা ঘোষণা করা হয়। দাবি করা হয়, করোনা প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখতে এই টিকার একটি ডোজই যথেষ্ট। অর্থাৎ অন্য টিকার মতো একাধিক ডোজ নিতে হবে না।

তবে প্রেমাস জানিয়েছে, এখনও পর্যন্ত শুধু প্রাণী দেহেই পরীক্ষা করা হয়েছে এই টিকাটি। প্রথম ডোজেই রোগপ্রতিরোধে কার্যকারিতার প্রমাণ দিয়েছে ওরাভ্যাক্স। প্রথম ডোজ নেওয়ার পরই দেখা গেছে, শ্বাসনালি এবং খাদ্যনালিকে সংক্রমণের হাত থেকে বাঁচানোর কাজ শুরু করে দিয়েছে এই টিকা।

প্রেমাসের ব্যাখ্যা অনুযায়ী, এই টিকা রোগপ্রতিরোধ ক্ষমতা যেমন বাড়িয়েছে, তেমনই উন্নত করেছে রোগ প্রতিরোধক প্রতিক্রিয়া বা ইমিউন রেসপন্সও। শরীরের অ্যান্টিবডিগুলোকে প্রশমন করে নিয়ন্ত্রণ করতে পেরেছে এই টিকা। তাতেই বেড়েছে এর কার্যকারিতা। সংস্থাটি জানিয়েছে, এ বছর সেপ্টেম্বর থেকে মানবদেহে এই টিকার প্রভাব পরীক্ষা করা হবে।

আনন্দবাজার পত্রিকার প্রতিবেদনে বলা হয়েছে, করোনাভাইরাস যে শরীরের প্রোটিনে ভর করেই ছড়ায় তা এর আগে বহুবার বলেছেন বিশেষজ্ঞরা। ওরাভ্যাক্স টিকাটিও প্রোটিননির্ভর। আবার এতে ভাইরাসের কিছু বৈশিষ্ট্যও আছে, যা সার্স কোভ-২ ভাইরাসের বিরুদ্ধে ত্রিস্তরীয় নিরাপত্তা দেবে বলে দাবি করেছে প্রেমাস।

এদিকে এরই মধ্যে ভারতের নিজস্ব টিকা কোভ্যাক্সিন প্রস্তুতকারী সংস্থা ভারত বায়োটেকও ন্যাজাল ভ্যাকসিন বা নাক দিয়ে নেওয়ার টিকা তৈরি করেছে। উইসকনসিন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে তৈরি ওই টিকার এরই মধ্যে মানবদেহে পরীক্ষা-নিরীক্ষার কাজ শুরু হয়েছে।

প্রধানমন্ত্রীকে হত্যাচেষ্টায় ১৪ জনের ফাঁসি

গোপালগঞ্জের কোটালীপাড়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে ৭৬ কেজি ওজনের বোমা পুঁতে রাখার ঘটনায় করা বিস্ফোরক আইনের মামলায় ১৪ জনের ফাঁসির আদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ এর বিচারক আবু জাফর মো. কামরুজ্জামান এ রায় ঘোষণা করেন।

এর আগে গত ১১ মার্চ রাষ্ট্র ও আসামিপক্ষের যুক্তি উপস্থাপন শেষে রায় ঘোষণার জন্য এ ধার্য করেন ট্রাইব্যুনাল।

২০০০ সালের ২২ জুলাই কোটালীপাড়ার শেখ লুৎফর রহমান সরকারি আদর্শ কলেজ মাঠে শেখ হাসিনার সমাবেশ করার কথা ছিল। ওই সমাবেশের প্যান্ডেল তৈরির সময় ২০ জুলাই কলেজের পাশ থেকে ৭৬ কেজি শক্তিশালী বোমা উদ্ধার করে পুলিশ।

ওই ঘটনায় কোটালীপাড়া থানার এসআই নূর হোসেন বাদী হয়ে বিশেষ ক্ষমতা আইনে একটি মামলা করেন। এ মামলার তদন্ত শেষে সিআইডির সহকারী পুলিশ সুপার মুন্সী আতিকুর রহমান ২০০১ সালের ৮ এপ্রিল আদালতে চার্জশিট দেন।

ওই বছরের ২ জুলাই আদালত মামলায় চার্জ গঠন করে বিচার শুরু করেন। ৮৯ জন সাক্ষীর মধ্যে ৬৩ জনের সাক্ষ্য নেওয়া হয়। ২০১৭ সালের ২০ আগস্ট ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-২ এর বিচারক মমতাজ বেগম এ মামলার রায় ঘোষণা করেন।

রায়ে ১০ আসামির মৃত্যুদণ্ড দেওয়া হয়। রায়ে নির্ধারিত পদ্ধতি মোতাবেক মৃত্যুদণ্ডপ্রাপ্তদের গুলি করে মৃত্যুদণ্ড কার্যকরের আদেশ দেওয়া হয়। গত ১৭ ফেব্রুয়ারি হাইকোর্টও ওই ১০ আসামির মৃত্যুদণ্ড বহাল রাখেন।

এদিকে, ৭৬ কেজি বোমা উদ্ধারের ঘটনায় ওই সময় কোটালীপাড়া থানার এসআই নূর হোসেন বাদী হয়ে বিস্ফোরক দ্রব্য আইনে আরেকটি মামলা করেন। ২০০১ সালের ১৫ নভেম্বর সিআইডির তৎকালীন এএসপি আব্দুল কাহার আকন্দ এ মামলায় আসামিদের বিরুদ্ধে আদালতে চার্জশিট দেন।

এরপর আদালত আসামিদের বিরুদ্ধে চার্জ গঠনের মাধ্যমে বিচার শুরু করেন। ২৮ ফেব্রুয়ারি এ মামলায় সাক্ষ্যগ্রহণ শেষ হয়।

উভয় মামলার প্রধান আসামি ছিলেন হরকাতুল জিহাদ নেতা মুফতি হান্নান। ব্রিটিশ হাইকমিশনার আনোয়ারুল হক চৌধুরীর ওপর গ্রেনেড হামলা মামলায় তার ফাঁসি কার্যকর হওয়ায় তাকে উভয় মামলা থেকে অব্যাহতি দেওয়া হয়।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন চাঁদপুর ইউনিয়ন

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ট্র হামিদুর রহমান স্টেডিয়ামে খেলাটি অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়ন ২-০ গোলে সদর উপজেলার ঘোড়শাাল ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। করোনা মহামারী উপক্ষো করে দু’দলের এই তুমুল প্রতিদ্বন্দীতা পূর্ণ খেলা ঝিনাইদহের মানুষ দীর্ঘ দিন পর উপভোগ করেন। খেলা শুরু হতে না হতেই গ্যালারী কানাই কানাই পূর্ণ হয়ে যায়।

মাস ব্যাপী এ টুর্নামেন্টের সভাপতির দায়িত্বে ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম এমপি, পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-

ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ও জাহেদি ফাউন্ডেশন নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদি মহুল,

হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানাসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও জেলার ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ।

খেলায় চ্যাম্পিয়ন দলকে ৩ লাখ টাকা এবং রানার্স আপ দলকে ২ লাখ টাকা প্রাইজমানি হিসেবে উপহার দেওয়া হয়।

কালীগঞ্জে মাস্ক না পরায় জরিমানা

মহামারি করোনা প্রতিরোধে জনসচেতনতা বাড়াতে মাঠে নেমেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রশাসন।

সোমবার সকাল ১২ টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নেতৃত্বে শহরের মেইন বাসষ্ট্যান্ড, মধুগঞ্জ বাজার সহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় সড়কে চলাচলকারী যাত্রীবাহী বাস, ইজিবাইক, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মাস্ক পরিধান না থাকায় জরিমানা আদায়সহ ফ্রি মাস্ক বিতরণ করেন।

ভ্রাম্যমাণ আদালত অভিযানের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কালীগঞ্জ ইউএনও সূবর্ণা রানী সাহা জানান, বাড়ছে করোনার প্রকোপ। তা প্রতিরোধে মাস্ক পরিধান অত্যবশ্যকীয়। বিশেষ করে গনপরিবহন ও বিভিন্ন জনসমাগম স্থান গুলো করোনার জন্য ঝুকিপূর্ণ এলাকা।

তাই করোনা প্রতিরোধে সবার মধ্যে সচেতনতা বাড়াতেই এ অভিযান পরিচালনা করা হচ্ছে। এ সময়ে মাস্ক পরিধান না করাসহ মোটরসাইকেলের কাগজপত্র না রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ১৩’শ ৫০ টাকা জরিমানা আদায় করা হয়।

কোটচাঁদপুরে বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার স্থানীয় কাশিপুর সিরু মিয়ার ইট ভাটা চত্তরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির পায়রা উড়িয়ে সম্মেলনের কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু।

সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমান। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. এম.এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক আব্দুল মালেক, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক মো: আক্তারুজ্জামান, সদর থানার আহ্বায়ক অ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, কোটচাঁদপুর পৌর শাখার আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

সম্মেলনে থানা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী এবং পৌর কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, পৌর বিএনপির আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এসময় উপজেলা বিএনপি’র সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, ও

পৌর বিএনপির সদস্য সচিব ফারুক হোসেন খোকন সহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত

‘পশুপাখি মারবো না, পরিবেশের ক্ষতি করবো না’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের হল রুমে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনা অঞ্চলের আয়োজনে ও বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এই সভার আয়োজন করা হয়।

বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনার মৎস্য বিশেষজ্ঞ মফিজুর রহমান চৌধুরী, কুতুবউদ্দিন মাস্টার, আওয়ামী লীগ নেতা মতিউর রহমান মতি, সেলিম উদ্দিন মাস্টার, হাসান আলী মাস্টার, সাংবাদিক মশিউর রহমান, উদায়ন সংঘের প্রচার সম্পাদক শেখ সাদায়েত হোসেন সহ প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক গোলাম ছারোয়ার নান্নু।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন বিষ্ণূপুর মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক বেলায়েত হোসেন।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য প্রদান করেন নবম শ্রেণীর শিক্ষার্থী

আফরোজ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে সুদিপ্ত কুমার সিংহ বলেন, পাখি ও প্রকৃতি পরিবেশের অবিচ্ছেদ্য অংশ। আমাদের দেশে প্রায় ৩৩৭ প্রজাতির দেশীয় পাখি রয়েছে। পাখি হল প্রকৃতির কীটনাশক, এরা কীট-পতঙ্গ ও নোংরা আবর্জনা খেয়ে রোগবালাই দমন করে পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইনে পাখি শিকার, হত্যা, ক্রয়-বিক্রয় ও পাচার করা দণ্ডনীয় অপরাধ। তাই আসুন আমরা সকলে আমদের পরিবেশটাকে সুন্দর রাখতে, নিজের অস্তিত্ব ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বন্যপ্রাণী সংরক্ষণ করি।

সাধারণ ছুটি নিয়ে যা জানাল সরকার

‘কোভিড-১৯ সংক্রমণ বাড়ায় সাধারণ ছুটি বা ‘লকডাউন’ ঘোষণা করা হতে পারে’- এমন গুঞ্জনের মধ্যে সরকারের পক্ষ থেকে সোমবার জানানো হয়েছে, এমন কোনো সিদ্ধান্ত এখনও হয়নি।

গত দুদিন ধরে টেলিভিমন স্ক্রল ও সামাজিক যোগাযোগের মাধ্যমে এ বিষয়ে আলোচনায় বিভ্রান্তি তৈরি হওয়ায় আজ সরকারের এক তথ্যবিবরণীতে বিষয়টি স্পষ্ট করা হয়।

এতে বলা হয়, করোনাভাইরাসজনিত রোগের প্রাদুর্ভাবের কারণে দেশে লকডাউন বা সরকারি সাধারণ ছুটি নিয়ে জনমনে বিভ্রান্তি দেখা যাচ্ছে। সরকার সুস্পষ্টভাবে জানাচ্ছে যে, করোনাভাইরাসজনিত রোগের প্রাদুর্ভাবের কারণে লকডাউন বা সরকারি ছুটির বিষয়ে সরকার কোনো সিদ্ধান্ত নেয়নি।

একটি মহল অসৎ উদ্দেশ্যে ফেসবুকে ২০২০ সালের ২৩ মার্চে প্রকাশিত সরকারি ঘোষণার পুরানো ভিডিও ভাইরাল করেছে দাবি করে আজ সরকারি তথ্য বিবরণীতে বলা হয়, এ ধরনের ‘অসত্য ও বিভ্রান্তিকর’ তথ্য

প্রচারে জড়িতদের বিষয়ে সরকার ‘কঠোর ব্যবস্থা’ নেবে।

দেশে গত বছরের ৮ ফেব্রুয়ারি প্রথম করোনা সংক্রমণ ধরা পড়ে। প্রথম মৃত্যু হয় ১৮ মার্চ। পরিপ্রেক্ষিতে ২৩ মার্চ প্রথমবারের মত ‘সাধারণ ছুটির’ ঘোষণা দিয়েছিল সরকার। শুরুতে ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত ‘ছুটি’ ঘোষণা হলেও পরে তার মেয়াদ বাড়ে কয়েক দফা। ছুটির মধ্যে সব কিছু বন্ধ থাকার সেই পরিস্থিতি ‘লকডাউন’ হিসেবে পরিচিত পায়।

জনকণ্ঠ সম্পাদকের মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

জনকণ্ঠ সম্পাদক মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এক শোকবার্তায় রাষ্ট্রপতি প্রয়াত আতিকউল্লাহ খান মাসুদের রুহের মাগফিরাত কামনা করে তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

পৃথক আরেক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, আতিকউল্লাহ খান মাসুদ সংবাদ প্রকাশে সবসময়ই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শকে সমুন্নত রেখেছেন।

মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান শেখ হাসিনা।

সোমবার ভোর সাড়ে ৫টার দিকে ঢাকার এভারকেয়ার হাসপাতালে মারা যান জনকণ্ঠ সম্পাদক আতিকউল্লাহ খান মাসুদ।

ভোরে শ্বাসকষ্টের সমস্যা দেখা দিলে তাকে ওই হাসপাতালে নেওয়া হয়েছিল। তার বয়স হয়েছিল ৭০ বছর। তিনি স্ত্রী, দুই ছেলে ও নাতি-

নাতনি রেখে গেছেন।

আতিকউল্লাহ খান মাসুদ গ্লোব-জনকণ্ঠ শিল্প পরিবারের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান।

বলিউডে ঝড় তুলতে আসছেন সঞ্জয়কন্যা শানায়া

অভিনেতা সঞ্জয় কাপুরের মেয়ে শানায়া কাপুরের বলিউডে অভিষেক নিয়ে অনেক দিন ধরেই জল্পনা চলছিল। অবশেষে তা সত্যি হতে চলেছে।

নির্মাতা-প্রযোজক করণ জোহরের প্রযোজনা প্রতিষ্ঠানের হাত ধরে বলিউডে যাত্রা শুরু হচ্ছে শানায়ার।

বলিউড হাঙ্গামা জানিয়েছে, ধর্ম কর্নারস্টোন এজেন্সি তাদের নতুন প্রতিভার নাম ঘোষণা করেছে। আর সেই প্রতিভা হলেন বলিউড অভিনেতা সঞ্জয় কাপুর ও মাহিপ কাপুরের মেয়ে শানায়া কাপুর।

কিড স্টার শানায়া কাপুর কিছুদিন আগে ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট পাবলিক করেছেন। এরই মধ্যে তার ফলোয়ার প্রায় সাড়ে চার লাখ।

সিনেমায় অভিষেকের সুখবর তার ইনস্টাগ্রাম হ্যান্ডেলেও জানিয়েছেন শানায়া। লিখেছেন, প্রথম সিনেমার কাজ শুরু করার জন্য উদগ্রীব তিনি। সিনেমাটির শুট শুরু হবে জুলাইয়ে।

জাহ্নবী কাপুরের ‘গুঞ্জন সাক্সেনা—দ্য কার্গিল গার্ল’ সিনেমায় সহকারী পরিচালক হিসেবে কাজ করেছেন শানায়া কাপুর। এর আগে মাহিপ কাপুরের নেটফ্লিক্স সিরিজ ‘ফেবুলাস লাইভস অব বলিউড ওয়াইভস’-এ দেখা গিয়েছিল তাকে।